Bangladesh

সততার কোন বিকল্প নেই, দূর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
বৈদেশিক বিনিময় বিভাগ
ফোন নং: ০২৪৭৮৬০৫৩১, ই-মেইল: dgmfed@rakub.org.bd;
ওয়েব সাইট: www.rakub.org.bd

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি

বৈদেশিক বিনিময় বিভাগ সার্কুলার নং-০১/২০২২ তারিখ: ২৩-০৫-২০২২

বিষয় ঃ NCC Bank Limited এর মাধ্যমে প্রদানকৃত রেমিট্যান্সের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার অর্থ সমন্বয়/হিসাবায়ন পদ্ধতি।

আপনারা নিশ্চয় অবগত আছেন যে, রাকাব পরিচালনা পর্ষদের গত ০৯.০৩.২০২২ তারিখে অনুষ্ঠেয় ৫৪৫তম সভায় ব্যাংকের নন-ফান্ডেড ব্যবসায়িক কর্মকান্ড বৃদ্ধি এবং Foreign Remittance সংগ্রহ ও কমিশন আয় বৃদ্ধির জন্য NCC Bank Limited এর সাথে গত ৩১.০৩.২০২২ তারিখে রাকাবের চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী NCC Bank Limited এর মাধ্যমে গত ০৩.০৪.২০২২ তারিখ হতে রেমিট্যান্স প্রদানের কার্যক্রম শুরু হয়।

০২। NCC Bank Limited এর সাথে সম্পাদিত চুক্তির প্রেক্ষিতে Foreign Remittance ডেলিভারি/প্রদানের ক্ষেত্রে রেমিট্যান্স তহবিল গ্রহণ, গ্রাহককে রেমিট্যান্স প্রদান সংক্রান্ত লেনদেনের হিসাবায়ন পদ্ধতি সম্পর্কে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে গত ০৫.০৪.২০২২ তারিখে সার্কুলার নং-০১/২০২২ জারী করা হয়। উক্ত সার্কুলারে NCC Bank Limited সাথে চুক্তিবদ্ধ ৪০টি MTO বা রেমিট্যান্স কোম্পানীর জন্য আদায়যোগ্য হিসাবে হিসাবায়নের CBS এর GL Serial বরাদ্দ দেয়া হয়েছে এবং রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার ক্ষেত্রে পত্র নং-প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা)/২০২১-২০২২/৩৬২(৪০১), তারিখ: ০৩ জানুয়ারী, ২০২২ এবং প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা)/২০১৯-২০২০/১১০৭(৪০২), তারিখ: ২৩ অক্টোবর, ২০১৯ পত্রদ্বয়ের নির্দেশনা পরিপালনের কথা বলা হয়েছে।

০৩। এখন হতে NCC Bank Limited এর মাধ্যমে প্রদানকৃত রেমিট্যান্সের প্রণোদনার অর্থ গ্রাহককে Cash Incentive for Foreign Remittance by NCCB (90200000511) এর মাধ্যমে প্রদান করতে হবে। সেই ক্ষেত্রে উল্লেখিত সার্কুলারে বর্ণিত প্রণোদনা CBS এর GL হেড 90200000407 হতে শুধুমাত্র NCC ব্যাংকের প্রণোদনার অর্থ CBS এর GL 90200000511 তে স্থানান্তর করতে হবে।

০৪। রেমিট্যান্স প্রদানের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা ক্ষেত্রে:

ঢাকা শাখার রক্ষিত Cash Incentive for Foreign Remittance by NCCB (90200000511) এর নামে আদায়যোগ্য হিসাব এবং শাখার আদায়যোগ্য হিসাব দ্রুততম সময়ে নির্ভুলভাবে সমন্বয়ের জন্য সতর্কতার সহিত Remote Transaction (Fast Path 7104 এর মাধ্যমে) করার ক্ষেত্রে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবেঃ

ডেবিট	ক্রেডিট
ঢাকা শাখার আদায়যোগ্য হিসাব (90200000511) Cash Incentive for Foreign Remittance by NCCB)	সংশ্লিষ্ট শাখার আদায়যোগ্য হিসাব (90200000511) Cash Incentive for Foreign Remittance by NCCB)

উদাহরণ স্বরূপ, NCC Bank Limited এর মাধ্যমে শাখা হতে একজন গ্রাহককে Moneygram রেমিট্যান্স কোম্পানীর মাধ্যমে আগত ৫০,০০০/- টাকার রেমিট্যান্স এবং প্রণোদনার ২.৫০% হিসেবে ১২৫০/- টাকা পরিশোধের ক্ষেত্রে ঢাকা শাখা সমন্বয়ের জন্য Remote Transaction (Fast Path 7104) এর মাধ্যমে নিম্নরূপ ভাউচার প্রস্তুত করতে হবেঃ

ডেবিট		ক্রেডিট	
টাকা	GL	GL	টাকা
৫০,০০০/-	90100000300 (ঢাকা শাখার প্রদেয় হিসাব)	90200000469 (সংশ্লিষ্ট শাখার MTO GL)	৫০,০০০/-
১২৫০/-	90200000511 (ঢাকা শাখার আদায়যোগ্য হিসাব)	90200000511 (সংশ্লিষ্ট শাখার আদায়যোগ্য হিসাব এনসিসি ব্যাংকের প্রণোদনা)	১২৫০/-

চলমান পাতা-০২

০৫। NCC Bank Limited এর মাধ্যমে প্রদানকৃত রেমিট্যান্সের ক্ষেত্রে প্রণোদনার টাকা দ্রুততম সময়ে নির্ভুলভাবে সমন্বয়ের জন্য উপরোক্ত পদ্ধতি অনুসরণ করার জন্য আপনাদেরকে বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া পরিপত্রের কোন বিষয়ে অস্পষ্টতা/ব্যাখ্যার প্রয়োজন হলে এ বিভাগের সঙ্গে সরাসরি যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৩.০৫.২০২২

(শিরিন আফরোজ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরীত হলো:
স্মারক নং-প্রকা/বৈবিবি/অপা-৩(প্রণোদনা এনসিসি)/২০২১-২০২২/৫৭৭(৪২০) তারিখ: ২৩-০৫-২০২২

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, রাকাব, রাজশাহী/রংপুর।
৬. সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. প্রকল্প পরিচালক, এসইসিপি, উপ-শহর, রাজশাহী।
৯. অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
১০. **উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। জারীকৃত পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
১১. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. অফিস নথি/মহানথি।

২৩/০৫/২০২২

(মোঃ আল জাকির)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা